

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৬৮.০২৭.০১৭.২০২১. ৪৭০

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
২৪ আগস্ট ২০২১ খ্রি.

অফিস আদেশ

যেহেতু জনাব মোঃ মুসলিম সরদার (১৬০৮৫), সহকারি অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), হাতিয়াদীপ সরকারি কলেজ, নোয়াখালী এর বিরুদ্ধে নির্যাতন ও যৌতুকের অভিযোগে তাঁর স্ত্রী জনাব খোদেজা বেগম লাকী নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধনী/২০০৩) এর ১১ (গ)(৩০) ধারায় মামলা দায়ের করেন (মামলা নং-৫৪/২১, পিটিশন নং-০৬/২১) এবং উক্ত মামলায় বিজ্ঞ আদালত গত ৩০/০৩/২০২১ খ্রিস্টাব্দে তাঁকে জেল হাজতে প্রেরণ করেন;

যেহেতু জনাব মোঃ মুসলিম সরদার গত ৩০/০৩/২০২১ খ্রি. হতে জেল হাজতে আছেন এবং সে জন্য তাঁকে বর্তমানে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(২) ধারা অনুযায়ী সাময়িক বরখাস্ত প্রয়োজন;

সেহেতু জনাব মোঃ মুসলিম সরদার (১৬০৮৫), সহকারি অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), হাতিয়াদীপ সরকারি কলেজ, নোয়াখালী-কে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(২) ধারা অনুযায়ী ৩০/০৩/২০২১ খ্রি. হতে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-

তারিখ: ১৯/০৮/২০২১

(মোঃ মাহবুব হোসেন)


সচিব

নং- ৩৭.০০.০০০০.০৬৮.০২৭.০১৭.২০২১. ৪৭০/৩(৭)

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
২৪ আগস্ট ২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (জনাব মোঃ মুসলিম সরদার এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে আদেশটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, হাতিয়াদীপ সরকারি কলেজ, নোয়াখালী।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপসচিব (সরকারি কলেজ-১), মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তানোয়াখালী.....।
- ৭। জনাব মোঃ মুসলিম সরদার (১৬০৮৫), সহকারি অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), হাতিয়াদীপ সরকারি কলেজ, নোয়াখালী।


28/08/2021
(জাকিয়া খানম)
যুগ্মসচিব